

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবি ইংরেজী বিভাগের আয়োজনে ‘শেক্সপিয়ার ডে’ উদযাপন

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ইংরেজী বিভাগের আয়োজনে ‘শেক্সপিয়ার ডে-২০২৫’ উদযাপন করা হয়েছে। ইংরেজী নাটকের জনক উইলিয়াম শেক্সপিয়ারের জন্মদিন উপলক্ষে এ দিবস উদযাপন করা হয়। বুধবার (২৩ এপ্রিল ২০২৫) এ উপলক্ষে নোবিপ্রবি ইংরেজী বিভাগে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, ‘শেক্সপিয়ার ডে’ এর মতো ব্যতিক্রমী আয়োজনে উপস্থিত থাকতে পেয়ে আমি অত্যন্ত আনন্দিত। ইংরেজী বিভাগের শিক্ষার্থী বলে শুধু ‘শেক্সপিয়ার ডে’ পালন করলেই হবে না, এর পাশাপাশি বাঙ্গালি অন্যান্য বিখ্যাত লেখকের জন্মদিবসও পালন করা উচিত। আমি বিশ্বাস করি এ ধরনের প্রোগ্রামের মাধ্যমে আমাদের শিক্ষার্থীরা একাডেমিক কাজের বাইরে বৈচিত্র্যময় কিছু করার স্বাদ আন্স্বাদন করতে পারবে, যা আমাদের জন্য অত্যন্ত প্রয়োজন। আরেকটি বিষয় হচ্ছে আমরা চাই আমাদের শিক্ষার্থীরা পড়াশোনা, কাজকর্ম এবং প্রাত্যহিক কর্মকাণ্ডের মাঝে আনন্দ খুঁজে পাবে এবং আমরা তাদের অভ্যন্তরীণ মেধাকে বিকশিত করতে চাই। শিক্ষার্থীরা নিজেদেরকে গঠনমূলক কর্মকাণ্ডের সঙ্গে যুক্ত করবে এটাই আমরা প্রত্যাশা করি।

ইংরেজী বিভাগের চেয়ারম্যান ড. খন্দকার আশরাফুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন নোবিপ্রবি কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ এবং সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন। ইংরেজী বিভাগের শিক্ষার্থী ফাবিহা ফাইজা এবং সাজেদুর রহমানের সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন সাইমুনা আক্তার সানজানা।

এসময় উইলিয়াম শেক্সপিয়ার রচিত ‘দ্যা মার্চেন্ট অব ভেনিস’ নাটকটির কিছু অংশ প্রদর্শিত হয়। এতে অভিনয় করেন ইংরেজী বিভাগের ১৩তম ব্যাচের শিক্ষার্থী ফাহিম মুনতাসির সালমি, নুসরাত নাওয়ার নেবুলা, নোয়াইমান হক উদয়, তাহসিন আফসান এবং ইশিতা রাণী ঘোষ।



ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪